



চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

পরিচালক (ট্রাফিক) এর দপ্তর



বিজ্ঞপ্তি

চট্টগ্রাম বন্দরের মাধ্যমে আমদানীকৃত এবং রপ্তানীর উদ্দেশ্যে পরিবাহিত সকল এলসিএল ও এফসিএল পণ্য স্ট্যান্ডার্ড প্যালেটাইজড/প্যাকিং এবং শিপিং মার্ক সংযুক্ত করা প্রসঙ্গে।

এতদ্বারা চট্টগ্রাম বন্দরের সাথে সংশ্লিষ্ট সকল শিপিং এজেন্ট, ফ্রেইট ফরওয়ার্ডার্স, আমদানী-রপ্তানীকারক ও সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম বন্দরের মাধ্যমে আমদানীকৃত এবং রপ্তানীর উদ্দেশ্যে পরিবাহিত সকল এলসিএল ও এফসিএল পণ্য যথাযথভাবে স্ট্যান্ডার্ড প্যালেটাইজড/প্যাকিং এবং শিপিং মার্ক সংযুক্ত করে আমদানী করা হচ্ছে না বিধায় চবক এর বিভিন্ন শেড/সিএফএস এ এলসিএল ও এফসিএল কার্গো আনস্টাফিং, সংরক্ষণ ও ডেলিভারী প্রদানে সমস্যা হয়। স্ট্যান্ডার্ড প্যালেটাইজড/প্যাকিং এবং শিপিং মার্ক না থাকার কারণে এলসিএল ও এফসিএল কার্গো আনস্টাফিংপূর্বক যথাযথভাবে মার্কাভিত্তিক খামাল দেয়া এবং এলসিএল কার্গো সিএন্ডএফ বরাবরে যথানিয়মে ডেলিভারী দেয়ার ক্ষেত্রে জটিলতা সৃষ্টি হচ্ছে। এছাড়াও সুষ্ঠুভাবে প্যালেটাইজড/প্যাকিং না করার ফলে কন্টেইনার ও পণ্যের ভিতরে আগুন লাগার প্রবণতা বৃদ্ধি পাচ্ছে। যা জাহাজ ও বন্দরের নিরাপত্তা ও সুরক্ষার জন্য হুমকিস্বরূপ। চট্টগ্রাম বন্দরের অপারেশনাল কার্যক্রম সূচাররূপে সম্পন্ন করার জন্য চট্টগ্রাম বন্দরের মাধ্যমে আমদানীকৃত এবং রপ্তানীর উদ্দেশ্যে পরিবাহিত সকল এলসিএল ও এফসিএল পণ্য স্ট্যান্ডার্ড প্যালেটাইজড/প্যাকিং এবং শিপিং মার্ক সংযুক্ত করে পরিবহন করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

আমদানীকৃত এবং রপ্তানীর উদ্দেশ্যে পরিবাহিত সকল এলসিএল ও এফসিএল পণ্য স্ট্যান্ডার্ড প্যালেটাইজড/প্যাকিং এবং শিপিং মার্ক সংযুক্ত করে আমদানী করা না হলে আগামী ৩০/০৭/২০২২ইং তারিখ থেকে সংশ্লিষ্ট ফ্রেইট ফরওয়ার্ডার্স, MLO ও NVOCC এর বিরুদ্ধে চবক বিধি মোতাবেক ব্যবস্থা নেয়া হবে।

দেশের প্রধান সমুদ্র বন্দর হিসেবে চট্টগ্রাম বন্দরের সুষ্ঠু অপারেশনাল কার্যক্রম পরিচালনার করার স্বার্থে বিষয়টি অতীব জরুরী।

চট্টগ্রাম
পরিচালক (ট্রাফিক)
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

নং-টিএম/এলসিএল/সেবা পদ্ধতি সহজীকরণ/২০১৬ / ১২৫৭
অনুলিপি : সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য দেয়া গেল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)।

তারিখ : ৩০/০৭/২০২২ ইং

- ১। সকল সদস্য, চবক এর সদয় অবগতির জন্য দেয়া গেল।
- ২। কমিশনার অব কাষ্টমস্, কাষ্টম হাউস, চট্টগ্রাম সদয় অবগতির জন্য দেয়া গেল।
- ৩। টার্মিনাল ম্যানেজার, চবক।
- ৪। প্রেসিডেন্ট, চিটাগাং চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, ওয়ার্ল্ড ট্রেড সেন্টার, অগ্নাবাদ বা/এ, চট্টগ্রাম।
- ৫। চেয়ারম্যান, বাংলাদেশ শিপিং এজেন্টস্ এসোসি়েট, চেম্বার হাউস (৩য় তলা), শেখ মুজিব রোড, অগ্নাবাদ, চট্টগ্রাম এর অবগতি ও ইহা তাহার সংস্থার সকল সদস্যদের মধ্যে বহুল প্রচারের জন্য দেয়া গেল।
- ৬। প্রেসিডেন্ট/সেক্রেটারী, বাংলাদেশ ফ্রেইট ফরওয়ার্ডার্স এসোসি়েশন, আনোয়ার টাওয়ার, অগ্নাবাদ বা/এ, চট্টগ্রাম - অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য দেয়া গেল।
- ৭। ১ম সহ-সভাপতি, বিজিএমইএ, বিজিএমইএ রিজিওনাল অফিস, বিজিএমইএ ভবন, লেভেল-৪ ও ৫, ৬৬৯/ই, ঝাউতলা রোড, দঃ খুলশী, চট্টগ্রাম এর অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা গেল।
- ৮। সভাপতি, বিজিএমইএ, বিজিএমইএ কমপ্লেক্স, হাউস # ৭/৭এ, সেক্টর-১৭, ব্লক-এইচ-১, উত্তরা, ঢাকা - ১২৩০ এর অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা গেল।
- ৯। সভাপতি, বাংলাদেশ ইনল্যান্ড কন্টেইনার ডিপো এসোসি়েশন (বিকডা), আক্তারুজ্জামান সেন্টার (৮ম তলা), অগ্নাবাদ, চট্টগ্রাম এর অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা গেল।
- ১০। সভাপতি/সাধারণ সম্পাদক, চট্টগ্রাম সিএন্ডএফ এজেন্টস্ এসোসি়েশন, সিএন্ডএফ টাওয়ার, অগ্নাবাদ বা/এ, চট্টগ্রাম - অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা গেল।
- ১১। প্রেসিডেন্ট/সেক্রেটারী, বাংলাদেশ কন্টেইনার শিপিং এসোসি়েশন, এসএইচআর টাওয়ার, ৩২০ শেখ মুজিব রোড, অগ্নাবাদ বা/এ, চট্টগ্রাম - অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য করা গেল।
- ১২। পিএ টু চেয়ারম্যান; চেয়ারম্যান, চবক মহোদয়ের সদয় অবগতির জন্য দেয়া গেল।

চট্টগ্রাম
পরিচালক (ট্রাফিক)
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ